# ওষুধ সেবন করা

Espen Stranger-Johannessen
Sara Rumen Krotev
Tahmina Akter
2
বাংলা bn

টমের দাঁতে ব্যথা। তার দাঁতে খুব ব্যথা হয়।

তাকে তার ডেন্টিস্টের সাথে দেখা করতে হবে, কিন্তু প্রথমে তার ব্যথার জন্য কিছু প্রয়োজন।

সে গাড়ি চালিয়ে নিকটস্থ ফার্মেসিতে যায়।

“আমার দাঁতে ব্যথা হচ্ছে” সে বলে। “আপনার কাছে কি এর জন্য কিছু আছে?”

“হ্যাঁ, এখানে কিছু ব্যথানাশক আছে। এগুলোর জন্য কোনো প্রেসক্রিপশন লাগবে না।”

“ধন্যবাদ। এগুলোর দাম কত?”

“এগুলোর দাম ৯ ইউরো। কিন্তু আপনার একজন ডেন্টিস্টের সাথে দেখা করা উচিত।”

“ঠিক আছে, আমি আগামীকাল সকালে আমার ডেন্টিস্টকে ফোন করব।”

“আপনার যদি আরও শক্তিশালী ওষুধের প্রয়োজন হয়, তবে আপনাকে আপনার ডেন্টিস্ট বা ডাক্তারের কাছ থেকে একটি প্রেসক্রিপশন নিতে হবে।”

“ধন্যবাদ! বিদায়।”

# LIDA Stories

lidastories.net

## ওষুধ সেবন করা


Espen Stranger-Johannessen
Sara Rumen Krotev
Tahmina Akter


CC BY